রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, মে ২৪, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২১ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর. ও. নং ১৪৬-আইন/২০২৫/১১/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে অথবা বিদেশি কোনো সরকার বা প্রতিষ্ঠানের সহিত সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি অথবা বিদেশি কোনো প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত রপ্তানি আদেশের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বহিঃবাংলাদেশে রপ্তানির উদ্দেশ্যে ওয়্যারহাউস লাইসেন্স বিহীন জাহাজ অথবা পন্টুন অথবা ড্রেজার নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদনে ব্যবহার্য প্রকল্প ভিত্তিক প্রয়োজনীয় কাঁচামাল আমদানির ক্ষেত্রে আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর, আগাম কর ও সম্পূরক শুল্ক যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি**

(১) আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে অথবা বিদেশি কোনো সরকার বা প্রতিষ্ঠানের সহিত সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি অথবা বিদেশি কোনো প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত রপ্তানি আদেশের বিপরীতে অবশ্যই Letter of Cradit (LC) বা Advance TT বা Bank Guarantee বা বৈদেশিক ব্যাংক এর Bank Guarantee এর বিপরীতে দেশীয় ব্যাংক এর সমপরিমাণ বৈদেশিক মুদ্রার Counter Bank Guarantee থাকিতে হইবে;

(২) কার্যাদেশপ্রাপ্ত জাহাজ অথবা পন্টুন অথবা ড্রেজার নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে নিজ নামে (as Consignee) আমদানি করিতে হইবে এবং আমদানি পর্যায়ে শুল্কায়নের সময় Notification of Award (NOA) এবং চুক্তিপত্রের কপি দাখিল করিতে হইবে;

(৩) সরবরাহকারী জাহাজ অথবা পন্টুন অথবা ড্রেজার নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠানকে অবশ্যই "Industrial IRC holder" এবং VAT compliant উৎপাদনকারী (manufacturer) হইতে হইবে;

**ব্যাখ্যা**—

(ক) "Industrial IRC holder" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত শিল্প ভোক্তা (Industrial consumer) আইআরসি রহিয়াছে।

(খ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীনে নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাব সংরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান।

(৪) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় পণ্য আমদানির ক্ষেত্রে শুল্কায়নের সময় কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান পোষক মন্ত্রণালয়ের যুগ্মসচিব বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা কর্তৃক **পরিশিষ্ট-১** অনুযায়ী আমদানি পর্যায়ে চালান ভিত্তিক প্রত্যয়নপত্র এবং সত্যায়িত Invoice এবং Packing List দাখিল করিতে হইবে;

(৫) এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত কাঁচামাল পৃথক রেজিস্টারে এন্ট্রি এবং প্রতিষ্ঠানের অঙ্গনে পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যেকোনো সময়ে পরীক্ষণ বা যাচাই করিতে পারে;

(৬) কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির অথবা দ্বি-পাক্ষিক চুক্তি অথবা রপ্তানি আদেশ সম্পাদিত হইবার পূর্বে আমদানিকৃত কোনো পণ্যের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের রেয়াতি সুবিধা প্রযোজ্য হইবে না;

(৭) আমদানি কার্যাদেশ প্রাপ্তির পর এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় কাঁচামাল আমদানির পূর্বে কার্যাদেশের বিপরীতে সরবরাহের উদ্দেশ্যে প্রতি একক পণ্য উৎপাদনের জন্য আবশ্যক কাঁচামাল বা উপকরণের তালিকা ও যৌক্তিক পরিমাণ অপচয় সম্বলিত উপকরণ-উৎপাদন সহগ সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট-২** অনুযায়ী সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবরে দাখিল করতে হইবে। কমিশনার প্রয়োজনীয় পরীক্ষাপূর্বক যথাযথ প্রাপ্তি সাপেক্ষে উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন। কমিশনার কর্তৃক অনুমোদিত **পরিশিষ্ট-২** এর সত্যায়িত অনুলিপি প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নকালে আমদানি দলিলাদির সাথে দাখিল করিতে হইবে;

(৮) আমদানিকৃত কাঁচামাল আমদানি পরবর্তীতে কাস্টমস হাউজ বা স্টেশন এর নিয়ন্ত্রিত এলাকা হইতে প্রতিষ্ঠানের অঙ্গনে সহকারী রাজস্ব কর্মকর্তার নিম্নে নহে, এইরূপ কর্মকর্তা দ্বারা যথাযথভাবে এসকর্টের মাধ্যমে পৌছাইতে হইবে;

(৯) শর্ত (৭) অনুযায়ী তথ্য দাখিলের পূর্বে জাহাজ বা পন্টুন অথবা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠানকে নির্মিতব্য জাহাজ বা পন্টুন কিংবা ড্রেজারের হাল নম্বরসহ প্রয়োজনীয় কাঁচামালের ধরন, বিবরণ ও পরিমাণ (বিদেশ থেকে আমদানিতব্য ও স্থানীয় উৎস হইতে ক্রয়যোগ্য পণ্যের নামসহ) সম্বলিত তালিকা International Classification Society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা কর্তৃক অনুমোদনপূর্বক **পরিশিষ্ট-২** এর সহিত সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ভ্যাট কমিশনারেট বরাবর দাখিল করিতে হইবে;

(১০) শর্ত (৭) এ উল্লিখিত তালিকার তথ্য এবং **পরিশিষ্ট-২** যাচাইকালে যথাযথ প্রাপ্তি সাপেক্ষে কমিশনার, অনুমোদন এবং প্রতিস্বাক্ষর প্রদান করিবেন, তবে কমিশনারের নিকট আবশ্যক বিবেচিত হইলে তিনি তা পুনঃযাচাই বা উপকরণ-উৎপাদ সহগ পুনঃনির্ধারণের উদ্দেশ্যে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর অথবা নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোনো সরকারি/ আধা-সরকারি উপযুক্ত প্রতিষ্ঠানে প্রেরণ করিবেন। উক্তরূপ প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কমিশনার উপকরণ-উৎপাদ সহগ সম্বলিত **পরিশিষ্ট-২** অনুমোদন করিবেন;

(১১) আমদানিকারক কার্যাদেশের বিপরীতে পণ্য সরবরাহের উদ্দেশ্যে প্রয়োজনীয় কাঁচামাল এক বা একাধিক চালানে আমদানি করিতে পারিবে। কমিশনার কর্তৃক অনুমোদিত **পরিশিষ্ট-২** এর সত্যায়িত অনুলিপি প্রতিটি আমদানি পণ্য চালান শুল্কায়নকালে আমদানি দলিলাদির সাথে দাখিল করিতে হইবে;

(১২) প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রত্যায়িত ও আমদানিকৃত কাঁচামাল এবং সরঞ্জামাদি রেজিস্টারে এন্ট্রি করিয়া জাহাজ বা পন্টুন অথবা ড্রেজার নির্মাণের পর একটি নির্দিষ্ট হাল নম্বরের বিপরীতে যে পরিমাণ কাঁচামাল জাহাজ বা জলযান অথবা ড্রেজার নির্মাণে ব্যবহৃত হইয়াছে, জাহাজ নির্মাণকারক প্রতিষ্ঠানকে তাহার বিস্তারিত ঘোষণা সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনারের নিকট দাখিল করিতে হইবে;

(১৩) জাহাজ বা পন্টুন বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান জাহাজ বা পন্টুন বা ড্রেজারের নির্মাণের পর তা সরবরাহের অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে জাহাজ নির্মাণ সম্পন্নের ঘোষণা প্রদানপূর্বক জাহাজ নির্মাণ সম্পন্নের সনদের জন্য মনোনীত International Classification Society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা এবং বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর নিকট আবেদন করিবে;

(১৪) জাহাজ বা পন্টুন বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠানের ঘোষণা ও আবেদন পাওয়ার পর তাহা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে International Classification Society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা জাহাজ বা পন্টুন বা ড্রেজার নির্মাণ সমাপ্ত হইয়াছে (Completion of construction certificate) মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবেন;

(১৫) অনুরূপভাবে জাহাজ বা পন্টুন বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান হতে আবেদন পাওয়ার পর বুয়েট কর্তৃপক্ষ সহগ মোতাবেক কাঁচামালের ব্যবহার যথাযথ হইয়াছে কিনা তাহা নিশ্চিত হইয়া প্রত্যয়নপত্র প্রদান করিবে;

(১৬) জাহাজ বা পন্টুন বা ড্রেজার নির্মাণকারী প্রতিষ্ঠান এই পর্যায়ে International Classification Society কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের হার্ডকপি এবং বুয়েট কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের হার্ডকপিসহ সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবর নির্মিত জাহাজ বা পন্টুন বা ড্রেজারের ট্রায়াল এর অনুমতির আবেদন করিবেন;

(১৭) সংশ্লিষ্ট কমিশনার কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক ইস্যুকৃত ট্রায়াল এর অনুমতিপত্র প্রাপ্তি সাপেক্ষে নির্মিত জাহাজ বা পন্টুন বা ড্রেজার এর ট্রায়াল সম্পন্ন করিতে হইবে। উক্ত ট্রায়াল এর ফলাফল যথাযথ প্রাপ্তি সাপেক্ষে মনোনীত Classification Society চূড়ান্ত সনদপত্র এবং ক্রেতা প্রতিষ্ঠান Acceptance Certificate প্রদান করিবেন;

(১৮) নির্মাণকারী প্রতিষ্ঠান International Classification Society অথবা এর আওতায় পরিচালিত সংস্থা কর্তৃক ইস্যুকৃত চূড়ান্ত সনদের হার্ডকপি এবং ক্রেতা প্রতিষ্ঠান কর্তৃক Acceptance Certificate এর হার্ড কপিসহ সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবর চূড়ান্ত সরবরাহের অনুমতির জন্য আবেদন করিবে। সংশ্লিষ্ট কমিশনার কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট নির্মিত জাহাজ বা পন্টুন বা ড্রেজার রপ্তানি বা সরবরাহের অনুমতি প্রদান করিবে।

২। আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে অথবা বিদেশি কোনো সরকার বা প্রতিষ্ঠানের সহিত সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি অথবা বিদেশি কোনো প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত রপ্তানি আদেশের বিপরীতে পন্য সরবরাহ সম্পাদিত হইবার ৩ (তিন) মাসের মধ্যে আমদানিকারক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট প্রযোজ্য সকল দলিলাদিসহ নিরীক্ষা সম্পাদনের জন্য আবেদন করিবে এবং ভ্যাট কমিশনারেট ২ মাসের মধ্যে উক্ত নিরীক্ষা সম্পাদন করে জাতীয় রাজস্ব বোর্ডে প্রতিবেদন প্রেরণ করিবে।

৩। আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে অথবা বিদেশি কোনো সরকার বা প্রতিষ্ঠানের সহিত সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি অথবা বিদেশি কোনো প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত রপ্তানি আদেশের বিপরীতে বিদেশে পণ্য সরবরাহের বিপরীতে যথাসময়ে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসিত না হইলে আমদানিকৃত কাঁচামালের উপর স্বাভাবিক হারে শুল্ক-কর এবং উৎপাদিত পণ্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক যদি থাকে আদায়যোগ্য হইবে।

৪। কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ১২ এর অধীন বন্ড লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের বিধান প্রযোজ্য হইবে না।

৫। এই প্রজ্ঞাপনের অধীনে রেয়াতি সুবিধায় তফসিলে বর্ণিত পণ্য আমদানিযোগ্য হইবে না।

৬। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**[শর্ত (৪) দ্রষ্টব্য]**

প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স.............................একটি মূসক নিবন্ধিত জাহাজ, পন্টুন ও ড্রেজার নির্মাণকারী শিল্প প্রতিষ্ঠান, যার মূসক নিবন্ধন নম্বর...................., বিদেশি................... প্রতিষ্ঠানের নিকট হইতে...................... শীর্ষক আন্তর্জাতিক দরপত্র বা সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তি বা রপ্তানি আদেশের বিপরীতে......................... নামীয় পণ্য সরবরাহের জন্য কার্যাদেশপ্রাপ্ত (কার্যাদেশ নং.......................)। কার্যাদেশে উল্লিখিত পণ্য উৎপাদনের নিমিত্তে প্রতিষ্ঠানটির বিএল নম্বর...................., তারিখ........................., এলসি নং.................., তারিখ............. এবং...................ইনভয়েস নম্বর................., তারিখ................এর মাধ্যমে.................. পরিমাণে কাঁচামাল আমদানি করিয়াছে।

উল্লিখিত বিবরণ এবং পরিমাণ অনুযায়ী আমদানিকৃত কাঁচামাল এতদসংশ্লিষ্ট কার্যাদেশে উল্লিখিত পণ্য (রপ্তানিতব্য পণ্যের নাম) এর উৎপাদন কাজে ব্যবহৃত হইবে।

প্রত্যয়নকারী কর্তৃপক্ষ

স্বাক্ষর:

নাম:

পদবি:

সীল:

**পরিশিষ্ট-২**

**[শর্ত (৭) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জাতীয় রাজস্ব বোর্ড**

.....................তারিখের আন্তর্জাতিক দরপত্র নম্বর....................তারিখ....................... এর কার্যাদেশ নং....................এর বিপরীতে সরবরাহের জন্য....................পণ্য উৎপাদন কাজে আবশ্যক উপকরণ সম্পর্কিত ঘোষণা।

১। প্রতিষ্ঠানের নাম :

২। ঠিকানা :

৩। মূসক নিবন্ধন নম্বর :

৪। ওয়্যারহাউজ লাইসেন্স নম্বর :

| ক্রমিক নং | পণ্যের নাম ও এইচ.এস. কোড | একক | পণ্যে উৎপাদনে ব্যবহার্য উপকরণের নাম (এইচ.এস. কোড) | অপচয়সহ একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (একক) | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (একক) | অপচয় শতকরা হার (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

............................................................ কমিশনারের প্রতিস্বাক্ষর:

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ দপ্তরের নাম:..................

**তফসিল**

**[অনুচ্ছেদ (৫) দ্রষ্টব্য]**

১। এমএস রড বা বার, এঙ্গেল এবং এমএস ওয়্যার;

২। প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং;

৩। সকল ধরনের সিমেন্ট;

৪। সকল ধরনের ক্যাবল;

৫। পেইন্ট;

৬। লুব অয়েলসহ সকল ধরনের জ্বালানি তেল;

৭। সকল ধরনের অফিস সরঞ্জাম ও আসবাবপত্র;

৮। এয়ার কন্ডিশনার;

৯। গৃহস্থালি সামগ্রী।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd